ঢাকা ওয়াসা

নথি অফিসঃ ঢাকা পানি সরবরাহ ও পয়ঃনিষ্কাশন কর্তৃপক্ষ (ঢাকা ওয়াসা)
নথি শাখাঃ সাভার কেরাণীগঞ্জ ওয়েলফিল্ড প্ল্যান্ট
মুদ্রনকারীঃ ঢাকা পানি সরবরাহ ও পয়ঃনিষ্কাশন কর্তৃপক্ষ (ঢাকা ওয়াসা), সাভার কেরাণীগঞ্জ ওয়েলফিল্ড প্ল্যান্ট

নথি নম্বর: ৪৬.০৫.০০০০.০০০.৬২৬.৫০.০০০৪.২৫ নথির বিষয়: Repair & maintenance of different utility pumps and other machinery in SKWP.
নোট: ১ নোটের বিষয়: **Repair & maintenance of different utility pumps and other machinery in SKWP কাজের প্রাক্কলন অনুমোদন প্রসঙ্গে।**

অনুচ্ছেদ ১.০ - তারিখঃ ১৯/৫/২৫ ৫:৫১ অপরাহ্ন

সাভার কেরাণীগঞ্জ ওয়েলফিল্ড প্লান্টে ২ টি আয়রন রিমুভাল প্লান্ট, ৪৫ টি গভীর নলকুপ (বাকী ১ টি নলকুপের কাজ অসমাপ্ত রয়েছে) ও ২ টি ৩৩/১১ কেভি বৈদ্যুতিক উপ-কেন্দ্রসহ অন্যান্য স্থাপনা সমূহ পরিচালনা ও পর্যবেক্ষন করার জন্য আধুনিক অটোমোটেড স্ক্যাডা সিস্টেম রয়েছে। প্লানটির পানি উৎপাদন লক্ষ্যমাত্রা দৈনিক ১৫ কোটি লিটার। দৈনিক সকল গভীর নলকুপ হতে অপরিশোধিত পানি সংগ্রহ করে ২৬ কি.মি. পাইপ লাইনের মাধ্যমে আয়রন রিমুভাল প্লান্ট-১ এর আওতায় পরিশোধন করে Over Ground Reservoir (OGR) হতে বুষ্টারিং করে ১২০০ মি.মি. ব্যাসের পাইপ দিয়ে ভাকুর্তা, মোগড়াকান্দা, আমিনবাজার, গাবতলী হয়ে মীরপুর (জোন-৪, জোন-১০) এলাকায় দৈনিক প্রায় ১৫ (পনেরো) কোটি লিটার সুপেয় পানি সরবরাহ করা হয়। আলোচ্য প্লান্টের অভ্যান্তরে গার্ডেনে পানি সরবরাহ, ফোয়ারায় পানি সরবরাহ এবং বিভিন্ন ক্লিনিং কাজে ১.৫/২ হর্সপাওয়ারের পাম্প ব্যাবহার করা হয়। এছাড়া গভীর নলকূপ ১১২ হতে প্লান্ট অভ্যান্তরের বিভিন্ন স্থানে পানি সরবারাহের জন্য কিছু অংশে সার্ভিস পাইপ লাইন রয়েছে। আরো বেশকিছু অংশে সার্ভিস পাইপ স্থাপন করা প্রয়োজন। এছাড়া প্লান্টের অভ্যান্তরের বিভিন্ন স্থানের সার্ভিস পাম্পগুলো চালনাওর জন্য স্থায়ী ইলেক্ট্রিক লাইন ও সার্কিট ব্রেকার স্থাপন করা প্রয়োজন। আলোচ্য প্লান্টের গার্ডেনিং কাজের জন্য বিভিন্ন পাওয়ার টুলস ব্যাবহার করা হচ্ছে। যা দীর্ঘদিন ব্যাবহারের ফলে নষ্ট হয়ে গিয়েছে। উক্ত পাওয়ার টুলসগুলোর ফুয়েল পাম্প, কারবুরেটর, কানেক্টিং রড, সিলিন্ডার ব্লক, সিলিন্ডার ক্লিপ, পিষ্টন রিং, ভাল্ব, স্পেয়ার হুইল, কাটিং ব্লেড, স্পার্ক প্লাগ, এয়ার ফিল্টার, ফুয়েল ফিল্টার, হেড স্প্রিং, ইঞ্জিন ওয়েল, ইঞ্জিন গ্যাস্কেট ইত্যাদি বিভিন্ন স্পেয়ার পার্টস পরিবর্তন করে এবং পাম্প সার্ভিসিং, রিওয়াইন্ডিং ও মেরামত করে চালু করা প্রয়োজন।

অনুচ্ছেদ ১.১ - তারিখঃ ১৯/৫/২৫ ৬:০৪ অপরাহ্ন

সেপ্রেক্ষিতে উক্ত রক্ষনাবেক্ষন ও প্ররিবর্তন কাজ করার জন্য PWD Rate Schedule 2022 এর দর ও বর্তমান বাজার দর (সংযুক্তিঃ ০৩) অনুযায়ী টাঃ ২,৯৮,৫৯১/- (দুই লক্ষ আটানব্বই হাজার পাঁচশত একানব্বই) টাকার একটি প্রাক্কলন (সংযুক্তিঃ ০৪) প্রস্তুত করা হয়েছে। আলোচ্য কাজটি SKWP এর ২০২৪-২৫ ইং অর্থ বছরের বরাদ্দকৃত সংশোধীত বাজেটের 'পরিচালন ব্যয়' এর ক্রমিক নংঃ ১৮ এর 'পানির পাম্প রক্ষনাবেক্ষন' (কোড ০১-০৪-০০৩) খাত (সংযুক্তিঃ ০১) হতে নির্বাহ করা হবে। যাহা ২০২৪-২৫ ইং অর্থবছরের অনুমোদিত সংশোধীত বার্ষিক ক্রয়-পরিকল্পনার ক্রমিক নং-১৯৮ এ প্যাকেজ Package W111 এ অর্ন্তভূক্ত আছে (সংযুক্তিঃ ০২)।

সংযুক্তিসমূহ (৪):

১। Revised Budget (2024-25).pdf
২। RAPP 2024-25 (12).pdf
৩। Market Rate.pdf
৪। Estimate.pdf

অনুচ্ছেদ ১.২ - তারিখঃ ১৯/৫/২৫ ৬:০৭ অপরাহ্ন

এমতাবস্থায়, অনুচ্ছেদঃ ১.০ হতে ১.১ পর্যন্ত বিস্তারিত বর্ণনার আলোকে **"Repair & maintenance of different utility pumps and other machinery in SKWP"** শীর্ষক কাজটি সম্পাদনের নিমিত্তে নিম্নবর্ণিত প্রস্তাবসমূহ সদয় অনুমোদন করা যেতে পারেঃ

ক) কাজটি জরুরী ভিত্তিতে সম্পন্ন হওয়ায় পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা-২০০৮ এর (৭৬) (১) ট ধারায় 'মেসার্স থার্ড আই ইন্টারন্যাশনাল'-এর সাথে সরাসরি চুক্তির মাধ্যমে সম্পাদনের জন্য অনুমোদন;

খ) উপস্থাপিত প্রাক্কলিত সর্বমোট টাঃ টাঃ ২,৯৮,৫৯১/- (দুই লক্ষ আটানব্বই হাজার পাঁচশত একানব্বই) টাকা মাত্র এর প্রাক্কলনের আর্থিক, কারিগরী ও প্রশাসনিক অনুমোদন এবং

গ) আলোচ্য সরবরাহ কাজটির ব্যয়ভার সাভার-কেরাণীগঞ্জ ওয়েলফিল্ড প্লান্টের এর ২০২৪-২৫ ইং অর্থ বছরের বরাদ্দকৃত সংশোধীত বাজেটের 'পরিচালন ব্যয়' এর ক্রমিক নংঃ ১৮ এর 'পানির পাম্প রক্ষনাবেক্ষন' (কোড ০১-০৪-০০৩) খাত হতে এবং অনুমোদিত সংশোধিত বার্ষিক ক্রয় পরিকল্পনার ক্রমিক নং-১৯৮ এ প্যাকেজ Package W111 হতে নির্বাহের প্রশাসনিক অনুমোদন।

আলোচ্য প্রস্তাবনাসমূহ অনুমোদনের ক্ষমতা প্রধান প্রকৌশলী মহোদয়ের আওতাধীন।

১৯/৫/২৫ ৬:০৭ অপরাহ্ন মোঃ আবুল কালাম আজাদ উপ-সহকারী প্রকৌশলী সাভার কেরাণীগঞ্জ ওয়েলফিল্ড প্ল্যান্ট	১৯/৫/২৫ ৬:৩৬ অপরাহ্ন মো: সুমন আহমেদ সহকারী প্রকৌশলী (চলতি দায়িত্ব) সাভার কেরাণীগঞ্জ ওয়েলফিল্ড প্ল্যান্ট	১৯/৫/২৫ ৮:৪৭ অপরাহ্ন মোঃ নাফিজ ইমতিয়াজ নির্বাহী প্রকৌশলী (চলতি দায়িত্ব) সাভার কেরাণীগঞ্জ ওয়েলফিল্ড প্ল্যান্ট	~~১৯/৫/২৫ ৮:৪৭ অপরাহ্ন~~ ~~মির্জা গোলাম কিবরিয়া~~ ~~তত্ত্বাবধায়ক প্রকৌশলী~~ ~~পানি ও পয়ঃ শোধনাগার সার্কেল~~

অনুচ্ছেদ ১.৩ - তারিখঃ ২০/৫/২৫ ১২:১৯ অপরাহ্ন

Please discuss.

২০/৫/২৫ ১২:৪৪ অপরাহ্ন মির্জা গোলাম কিবরিয়া তত্ত্বাবধায়ক প্রকৌশলী পানি ও পয়ঃ শোধনাগার সার্কেল	~~২০/৫/২৫ ১২:৪৪ অপরাহ্ন~~ ~~মোঃ নাফিজ ইমতিয়াজ~~ ~~নির্বাহী প্রকৌশলী (চলতি দায়িত্ব)~~ ~~সাভার কেরাণীগঞ্জ ওয়েলফিল্ড প্ল্যান্ট~~

অনুচ্ছেদ ১.৪ - তারিখঃ ২০/৫/২৫ ৩:২৯ অপরাহ্ন

অনুচ্ছেদ ১.৩ এর নির্দেশনা মোতাবেক আলোচনা হয়েছে। এমতাবস্থায়, অনুচ্ছেদঃ ১.০ হতে ১.১ পর্যন্ত বিস্তারিত বর্ণনার আলোকে "**Repair & maintenance of different utility pumps and other machinery in SKWP**" শীর্ষক কাজটি সম্পাদনের নিমিত্তে নিম্নবর্ণিত প্রস্তাবসমূহ সদয় অনুমোদন করা যেতে পারেঃ

ক) কাজটি জরুরী ভিত্তিতে সম্পন্ন হওয়ায় পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা-২০০৮ এর (৭৬) (১) ট ধারায় 'মেসার্স থার্ড আই ইন্টারন্যাশনাল'-এর সাথে সরাসরি চুক্তির মাধ্যমে সম্পাদনের জন্য অনুমোদন;

খ) উপস্থাপিত প্রাক্কলিত সর্বমোট টাঃ টাঃ ২,৯৮,৫৯১/- (দুই লক্ষ আটানব্বই হাজার পাঁচশত একানব্বই) টাকা মাত্র এর প্রাক্কলনের আর্থিক, কারিগরী ও প্রশাসনিক অনুমোদন এবং

গ) আলোচ্য সরবরাহ কাজটির ব্যয়ভার সাভার-কেরাণীগঞ্জ ওয়েলফিল্ড প্লান্টের এর ২০২৪-২৫ ইং অর্থ বছরের বরাদ্দকৃত সংশোধীত বাজেটের 'পরিচালন ব্যয়' এর ক্রমিক নংঃ ১৮ এর 'পানির পাম্প রক্ষনাবেক্ষন' (কোড ০১-০৪-০০৩) খাত হতে এবং অনুমোদিত সংশোধিত বার্ষিক ক্রয় পরিকল্পনার ক্রমিক নং-১৯৮ এ প্যাকেজ Package W111 হতে নির্বাহের প্রশাসনিক অনুমোদন।

আলোচ্য প্রস্তাবনাসমূহ অনুমোদনের ক্ষমতা তত্ত্বাবধায়ক প্রকৌশলী মহোদয়ের আওতাধীন।

২০/৫/২৫ ৩:২৯ অপরাহ্ন মোঃ নাফিজ ইমতিয়াজ নির্বাহী প্রকৌশলী (চলতি দায়িত্ব) সাভার কেরাণীগঞ্জ ওয়েলফিল্ড প্ল্যান্ট	~~২০/৫/২৫ ৩:২৯ অপরাহ্ন~~ ~~মির্জা গোলাম কিবরিয়া~~ ~~তত্ত্বাবধায়ক প্রকৌশলী~~ ~~পানি ও পয়ঃ শোধনাগার সার্কেল~~

অনুচ্ছেদ ১.৫ - তারিখঃ ২১/৫/২৫ ৫:৫১ পূর্বাহ্ন

Approved.

২১/৫/২৫ ৫:৫২ পূর্বাহ্ন মির্জা গোলাম কিবরিয়া তত্ত্বাবধায়ক প্রকৌশলী পানি ও পয়ঃ শোধনাগার সার্কেল	~~২১/৫/২৫ ৫:৫২ পূর্বাহ্ন~~ ~~মোঃ নাফিজ ইমতিয়াজ~~ ~~নির্বাহী প্রকৌশলী (চলতি দায়িত্ব)~~ ~~সাভার কেরাণীগঞ্জ ওয়েলফিল্ড প্ল্যান্ট~~

অনুচ্ছেদ ১.৬ - তারিখঃ ২১/৫/২৫ ৭:০৩ অপরাহ্ন

দ্রুত চুক্তি সম্পাদনের ব্যবস্থা গ্রহণ করুন।

২১/৫/২৫ ৭:০৩ অপরাহ্ন মোঃ নাফিজ ইমতিয়াজ নির্বাহী প্রকৌশলী (চলতি দায়িত্ব) সাভার কেরাণীগঞ্জ ওয়েলফিল্ড প্ল্যান্ট	২১/৫/২৫ ৭:০৩ অপরাহ্ন মোঃ আবুল কালাম আজাদ উপ-সহকারী প্রকৌশলী সাভার কেরাণীগঞ্জ ওয়েলফিল্ড প্ল্যান্ট